কম্পিউটার জগৎ
COMPUTER JAGAT

প্রতিষ্ঠাতা : অধ্যাপক আবদুল কাদের

উপদেষ্টা
ড. জামিলুর রেজা চৌধুরী
ড. মুহাম্মদ ইব্রাহীম
ড. মোহাম্মদ কায়কোবাদ
ড. মোহাম্মদ আলমগীর হোসেন
ড. যুগল কৃষ্ণ দাস

সম্পাদনা উপদেষ্টা অধ্যাপক ড. এ কে এম রফিক উদ্দিন
সম্পাদক গোলাপ মুনীর
সহযোগী সম্পাদক মঈন উদ্দীন মাহমুদ
সহকারী সম্পাদক এম. এ. হক অনু
কারিগরি সম্পাদক মো: আবদুল ওয়াহেদ তমাল
সহকারী কারিগরি সম্পাদক মুশাহাব আক্তার
সম্পাদনা সহযোগী মো: আহসান আরিফ
সাদেক উদ্দিন মাহমুদ

বিদেশ প্রতিনিধি
জামাল উদ্দীন মাহমুদ আমেরিকা
ড. বাদ মনজুর-এ-মোর্শেদ কানাডা
ড. এস মাহমুদ ব্রিটেন
নির্মল চন্দ্র চৌধুরী অস্ট্রেলিয়া
মাহবুব রহমান জাপান
এস. বালাজী ভারত
আ. ফ. মো: শামসুজ্জোহা সিঙ্গাপুর
নাসির উদ্দিন পারভেজ মালয়েশিয়া

প্রচ্ছদ এম. এ. হক অনু
ওয়েব মাস্টার মোহাম্মদ এহতেশাম উদ্দিন
অঙ্গসজ্জা ও অলঙ্করণ সমর রঞ্জন মিত্র
মো: মাসুদুর রহমান

মুদ্রণ : রাইটস (প্রা.) লি.
৬৪সি/২, আজিমপুর রোড, ঢাকা-১২০৫
অর্থ ব্যবস্থাপক সাজেদ আলী বিশ্বাস
বিজ্ঞাপন ব্যবস্থাপক শিমুল খান
জনসংযোগ ও প্রচার ব্যবস্থাপক প্রকৌ. শাহজালাল শাহাব মাহমুদ
বিপণন ও বিতরণ কর্মকর্তা মো: নুরুল ইসলাম আরিফ

প্রকাশক : নাজমা কাদের
কক্ষ নম্বর-১১, বিসিএস কম্পিউটার সিটি
রোকেয়া সরণি, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন : ৮১২৫৮০৭, ৮৬১৬৭৪৬, ০১৭১১৫৪৪২১৭
ফ্যাক্স : ৮৮-০২-৯৬৬৪৭২৩
ই-মেইল : jagat@comjagat.com
ওয়েব : www.comjagat.com
যোগাযোগের ঠিকানা :
কম্পিউটার জগৎ
কক্ষ নম্বর-১১, বিসিএস কম্পিউটার সিটি
রোকেয়া সরণি, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন : ৮১২৫৮০৭

Editor Golap Monir
Associate Editor Main Uddin Mahmood
Assistant Editor M. A. Haque Anu
Technical Editor Md. Abdul Wahed Tomal
Correspondent Md. Abdul Hafiz

Published from :
Computer Jagat
Room No.11
BCS Computer City, Rokeya Sarani
Agargaon, Dhaka-1207
Tel : 8125807

Published by : Nazma Kader
Tel : 8616746, 8613522, 01711-544217
Fax : 88-02-9664723
E-mail : jagat@comjagat.com

সম্পাদকীয়

নারী ও প্রযুক্তি

'এ বিশ্বে যা কিছু কল্যাণকর, অর্ধেক তার করেছে নারী, অর্ধেক তার নর'– কবির এ উচ্চারণকে যদি আমরা সত্য বলে জানি এবং আন্তরিকভাবে ব্যক্তি, সমাজ ও সামাজিক জীবনে এ সত্যের প্রতিফলন ঘটাই, তবে আমরা নিশ্চিতভাবে জাতিকে দ্রুত সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে পারি। কবির এ উচ্চারণের অন্তর্নিহিত তাগিদ হচ্ছে আমাদের সামগ্রিক কর্মকাণ্ডে পুরুষের সাথে নারীদের সংশি-ষ্ট করতে হবে, নারীদের অংশ নেয়া নিশ্চিত করতে হবে। অতএব তথ্যপ্রযুক্তি খাতেও পুরুষের পাশাপাশি নারীর সমান্তরাল অংশ নেয়া নিশ্চিত করার তাগিদটিও এসে যায়। তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে পুরুষের পাশে নারী একযোগে কাজ করবে, এ বিষয়টি আমরা যখন নিশ্চিত করতে পারব, ঠিক তখনই কার্যত আমাদের তথ্যপ্রযুক্তি খাতে প্রত্যাশিত গতি আসবে। আর তখনই তথ্যপ্রযুক্তি খাতের কাঙ্ক্ষিত অগ্রগমন ঘটবে। দেশের অর্থনীতিতে তথ্যপ্রযুক্তি খাতের ভূমিকা একটা সিদ্ধান্তসূচক পর্যায়ে উঠে আসবে। সেই সূত্রে আমরা আমাদের অর্থনীতিকে সমৃদ্ধতর পর্যায়ে নিয়ে দাঁড় করাতে পারব। দূর হবে আমাদের অর্থনীতিসহ অন্যান্য সব ধরনের পরনির্ভরশীলতা। আর আমাদের লক্ষ্যও তো তাই। অতএব আমাদের জোর উদ্যোগ-আয়োজন নিতে হবে আমাদের নারী সমাজকে আরো বেশি থেকে বেশি সংখ্যায় তথ্যপ্রযুক্তি ক্ষেত্রের কর্মকাণ্ডে সংশি-ষ্ট করার। এমনটি বোধে আনা কঠিন নয় যে, যেখানে দেশের জনসংখ্যার অর্ধেক নারী, সেখানে নারীকে বাদ দিয়ে তথ্যপ্রযুক্তিকে কোনো সমৃদ্ধ পর্যায়ে নিয়ে দাঁড় করার চিন্তা-ভাবনা করাটা যেমনি একটি বড় ধরনের বোকামি, তেমনি বড় ধরনের এক পাপও। এ বোকামি ও পাপ থেকে বেঁচে থাকার জন্য আমাদের সরকারি ও বেসরকারি পর্যায়ে উপায় খুঁজে বের করে প্রয়োজনীয় কার্যকর পদক্ষেপ নিতে হবে। এ তাগিদটি সামনে রেখে এবার আমরা তৈরি করেছি আমাদের প্রচ্ছদ প্রতিবেদন। আশা করি, প্রতিবেদনটি আমাদের জাতীয় নেতানেত্রী ও নীতি-নির্ধারকদের নতুন করে ভাববার সুযোগ করে দেবে।

গত ৬ জুন বিজ্ঞান ও আইসিটি মন্ত্রণালয়ের দুটি বিভাগে দুইজন পূর্ণ সচিবের নিয়োগ দেয়া হয়েছে। বিজ্ঞান ও আইসিটি মন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সচিব হিসেবে নিয়োগ পেয়েছেন মো: আব্দুর রব হাওলাদার এবং একই মন্ত্রণালয়ের তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত সচিব হিসেবে নিয়োগ পেয়েছেন মো: রফিকুল ইসলাম। উলে-খ্য, বর্তমান মহাজোট সরকারের 'ডিজিটাল বাংলাদেশ' গড়ার কার্যক্রমকে আরো জোরদার করতে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগপ্রযুক্তি মন্ত্রণালয়কে দুটি বিভাগে ভাগ করার সরকার সিদ্ধান্ত নেয় কয়েক মাস আগে। একটি হচ্ছে 'তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিভাগ' এবং অপরটি 'বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ'। তবে পৃথক এই বিভাগ দুটি একজন মন্ত্রীর অধীনেই থাকবে। শুধু সচিব থাকবেন দুজন। গত ৬ জুন এই দুই বিভাগে দুজন সচিব নিয়োগের মধ্য দিয়ে কার্যত বিভাগ দুটিতে আলাদা আলাদাভাবে কর্মকাণ্ড পরিচালনার সূচনাই করা হলো। আমরা সরকারের এ উদ্যোগকে স্বাগত জানাই। কারণ, বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার কার্যক্রম কাঙ্ক্ষিত সাফল্যে নিয়ে পৌঁছাতে আইসিটি কর্মকাণ্ডকে আরো ব্যাপকতর করে তুলতে হবে। আর এক্ষেত্রে বিজ্ঞান এবং আইসিটি মন্ত্রণালয়ে এই দুটি আলাদা বিভাগ গঠন সহায়ক ভূমিকাই পালন করবে। এক্ষেত্রে ধন্যবাদ পাবার দাবি রাখেন আমাদের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। কারণ, তার ব্যক্তিগত উদ্যোগেই গত বছরের আগস্টে এ সংক্রান্ত সিদ্ধান্তটি মন্ত্রিসভায় অনুমোদিত হয়েছিল। সেই সাথে আমরা স্বাগত জানাই নবনিযুক্ত এই দুই সচিবকে। এখন আমাদের স্বাভাবিক প্রত্যাশা– এ দুটি বিভাগ দুই নবনিযুক্ত সচিব সমান্তরালভাবে তাদের সুষ্ঠু কর্মকাণ্ড পরিচালনার মাধ্যমে দেশে বিজ্ঞান ও আইসিটি খাতকে নতুন এক উচ্চতায় নিয়ে দাঁড় করাতে সক্ষম হবেন।

সুপ্রিয় পাঠক, আপনারা জানেন দেশে সবস্তরের মানুষের কাছে তথ্যপ্রযুক্তির সুফল সম্ভাবনাগুলো তুলে ধরার একটি আন্তরিক লক্ষ্য নিয়েই 'কমপিউটার জগৎ' পত্রিকার অভিযাত্রা শুরু। সে লক্ষ্যকে সামনে রেখে আমরা বরাবর চেষ্টা করে এসেছি যথাসম্ভব কম দামে কমপিউটার জগৎ পত্রিকাটি পাঠকদের হাতে তুলে দিতে। কিন্তু, চারদিকের সব মূল্যস্ফীতির থাবা আমাদের ওপরও ফেলেছে বিরূপ প্রভাব। তাই একান্ত অনিচ্ছা সত্ত্বেও চলতি সংখ্যা থেকে কমপিউটার জগৎ-এর প্রতিসংখ্যার দাম আরো ১০ টাকা বাড়িয়ে ৫০ টাকা করতে বাধ্য হচ্ছি। পাঠকদের ওপর বাড়তি মূল্যের এই চাপ সৃষ্টির জন্য আমরা দুঃখিত। আশা করি পাঠকসাধারণ বিষয়টিকে ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখবেন।

লেখক সম্পাদক
● প্রকৌশলী তাজুল ইসলাম ● সৈয়দ হাসান মাহমুদ ● সৈয়দ হোসেন মাহমুদ ● মো: আবদুল ওয়াহেদ